

জেলা প্রতিনিধি | ঢাকা | 18 April, 2025

মুন্সীগঞ্জের গজারিয়া উপজেলার বালুয়াকান্দিতে সিকোটেক্স ডাইং এন্ড প্রিন্টিং ফ্যাক্টরিতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।

শুক্রবার (১৮ এপ্রিল) বেল সাড়ে ১২ টার দিকে এ ঘটনা ঘটে। তবে এ ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। স্থানীয় ও প্রত্যক্ষদর্শীর সূত্রে জানা যায়, শুক্রবার দুপুরে হঠাৎ করে সিকোটেক্স ফ্যাক্টরিতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। পরে ফায়ার সার্ভিসের পাশাপাশি ফ্যাক্টরির শ্রমিকদের সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে আনে।

বিষয়টি নিয়ে বালুয়াকান্দি সিকোটেক্স ডাইং এন্ড প্রিন্টিং ফ্যাক্টরির কর্তৃপক্ষ স্থানীয় গণমাধ্যম কর্মীদের সঙ্গে কথা বলতে অপরাগত প্রকাশ করেন। এদিকে ফ্যাক্টরির ড্রায়ার মেশিন থেকে এ আগুন লেগেছে বলে প্রাথমিক ভাবে বিষয়টি নিশ্চিত করে গজারিয়া ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন অফিসার রিফাত মল্লিক জানান, আগুন লাগার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ফ্যাক্টরিতে পৌঁছিয়ে আধ ঘণ্টার মধ্যে আগুন নিয়ন্ত্রণে নিয়ে আসে। তবে এ ঘটনায় কোন হতাহতের ঘটনা ঘটেনি। ক্ষয়ক্ষতির পরিমাণ তদন্ত করে জানানো হবে বলে জানান তিনি।

আগুন ফায়ার সার্ভিস

Generated on 25 April, 2025 02:07

URL: <https://timestodaybd.com/dhaka/999775807>